
# বাংলাদেশের গণতান্ত্রিক অগ্রযাত্রায় পাশে থাকতে চায় যুক্তরাজ্য



ছবি: সংগৃহীত

বাংলাদেশের গণতান্ত্রিক প্রতিষ্ঠানকে আরও শক্তিশালী করতে সহযোগিতা অব্যাহত রাখার আগ্রহ প্রকাশ করেছে যুক্তরাজ্য। একই সঙ্গে শিক্ষা, বিনিয়োগ, জলবায়ু পরিবর্তন, অভিবাসন, নারীর ক্ষমতায়ন ও স্থানীয় সরকার খাতে দুই দেশের সহযোগিতা বাড়ানোর বিষয়েও গুরুত্ব দেওয়া হয়েছে।

মঙ্গলবার (৭ জুলাই) সচিবালয়ে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীরের সঙ্গে বাংলাদেশে নিযুক্ত ব্রিটিশ হাইকমিশনার সারা কুকের সৌজন্য সাক্ষাতে এসব বিষয় নিয়ে আলোচনা হয়।

বৈঠকে সারা কুক বলেন, বাংলাদেশের গণতান্ত্রিক অগ্রযাত্রায় যুক্তরাজ্য পাশে থাকতে চায়। তিনি শিক্ষা ও নারীর ক্ষমতায়নে বাংলাদেশের সাম্প্রতিক অগ্রগতির প্রশংসাও করেন। পাশাপাশি বাংলাদেশি শিক্ষার্থীদের জন্য যুক্তরাজ্যে উচ্চশিক্ষার সুযোগ আরও বাড়ানোর বিষয়েও আগ্রহের কথা জানান।

স্থানীয় সরকার মন্ত্রী জানান, আগামী ডিসেম্বর থেকে ধাপে ধাপে ইউনিয়ন পরিষদ নির্বাচন আয়োজনের লক্ষ্যে সরকার ও নির্বাচন কমিশন কাজ করছে। তিনি বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে ব্রিটিশ বিনিয়োগ বাড়ানোর আহ্বান জানান।

এদিন ইউএনওপিএসের বাংলাদেশ ও ভুটানের কান্ট্রি ম্যানেজার সুধীর মুরালিধরনের নেতৃত্বাধীন একটি প্রতিনিধিদলও মন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ করে। বৈঠকে অবকাঠামো উন্নয়ন, বর্জ্য ব্যবস্থাপনা ও পানি নিষ্কাশন ব্যবস্থার উন্নয়ন নিয়ে আলোচনা হয়।